

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
গৃহায়ন ভবন  
৮২, সেগুনবাগিচা, ঢাকা।  
www.nha.gov.bd

স্মারক নং- ২৫.৩৮.০০০০.৩০২.১১.০২৮.২৫-০০৮

তারিখ: ০৮ ফাল্গুন, ১৪৩২  
০৮ ফেব্রুয়ারি, ২০২৬

নিয়োগপত্র

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ২৮৭ তম বোর্ড সভার ২ নম্বর সিদ্ধান্ত অনুযায়ী অপেক্ষমান ডালিকা হতে “গার্ড” পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ২০তম গ্রেডে (৮২৫০-২০০১০/-) টাকার স্কেলে নিয়োগিত প্রার্থীকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং স্থায়ী ঠিকানা	নিজ জেলা
০১	জনাব মোঃ নাদিম হাসান পিতা- মোঃ সাফা মিয়া মাতা- আয়না বানু স্থায়ী ঠিকানা- গ্রাম/রাস্তা: বেলগাছি, ডাকঘর: চুয়াডাঙ্গা (৭২০০), ওয়ার্ড নম্বরঃ ৮, চুয়াডাঙ্গা পৌরসভা, থানা/উপজেলা: চুয়াডাঙ্গা সদর, জেলা: চুয়াডাঙ্গা	চুয়াডাঙ্গা

নিয়োগের শর্তাবলিঃ

- (১) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- (২) চাকুরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শনো ব্যতিরেকে চাকুরির অবসান ঘটাতে পারবে;
- (৩) তাকে ০৬(ছয়) মাসের জন্য শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপস্থিত বিবেচিত হন, তবে কোন কারণ দর্শনো ছাড়াই তাকে চাকুরি হতে অপসারণ করা যাবে;
- (৪) শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপন, সন্তোষজনক পুশি তেরিকেকেশন রিপোর্ট এবং উক্ত সময়ে তার আচরণ ও কর্ম সন্তোষজনক হলে তাকে চাকুরিতে স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে;
- (৫) শিক্ষানবিশকালে চাকুরি হতে ইচ্ছা প্রদানের ক্ষেত্রে ০১(এক) মাসের পূর্ব নোটিশ অথবা ০১(এক) মাসের সমপরিমাণ বেতন কর্তৃপক্ষের কোষাগারে জমা প্রদান করতে হবে;
- (৬) যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;
- (৭) চাকুরিতে তাদের জ্যেষ্ঠতা প্রবিধানমালা মোতাবেক নির্ধারিত হবে;
- (৮) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যসনদ রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;
- (৯) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকুরি সংক্রান্ত বিষয়ে ‘জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা/কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৫ এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং কর্তৃপক্ষ ও সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকুরি নিয়ন্ত্রিত হবে;
- (১০) নিয়োগপত্র মেধাক্রম অনুযায়ী প্রকাশিত হয়েছে;
- (১১) চাকুরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

উল্লিখিত শর্তাবলির আওতায় চাকুরিতে যোগদানে সম্মত হলে আগামী ২৫/০২/২০২৬ খ্রি: তারিখে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।

(মোসা: ফেরদৌসী বেগম)

চেয়ারম্যান

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
সেগুনবাগিচা, ঢাকা।

E-mail: chairman@nha.gov.bd

ফোন নং-২২৩৩৮২৭৬২

